# শ্রমিক অসন্তোষে ১৪৭ কারখানা সম্পূর্ণ বন্ধ: বিজিএমইএ সভাপতি



বিজিএমইএ সভাপতি মাহমুদ হাসান খান। ছবি: সংগৃহীত

দেশের তৈরি পোশাক খাতে চলমান অস্থিরতার কারণে ১৪৭টি কারখানা পুরোপুরি বন্ধ ঘোষণা করা হয়েছে বলে জানিয়েছেন বিজিএমইএ সভাপতি মাহমুদ হাসান খান।

শনিবার (১৪ নভেম্বর) দুপুরে গণমাধ্যমের সঙ্গে আলাপকালে তিনি বলেন, একটি মহল পরিকল্পিতভাবে পোশাকশিল্পে বিশৃঙ্খলা সৃষ্টির চেষ্টা করছে। এতে কারখানার উৎপাদন ব্যাহত হওয়ার পাশাপাশি দেশের প্রধান রপ্তানি খাতও ক্ষতিগ্রস্ত হচ্ছে।

মাহমুদ হাসান খানের অভিযোগ, পোশাকশিল্প ও অর্থনীতির ক্ষতি করতে চাওয়া একটি পক্ষ বিভিন্ন সময়ে ভিন্ন পরিচয়ে অস্থিরতা তৈরির চেষ্টা করছে। তবে বিজিএমইএ কোনো রাজনৈতিক দলের অনুসারী সংগঠন নয়। নেতাদের ব্যক্তিগত রাজনৈতিক পরিচয় থাকলেও সংগঠনের নিজস্ব কোনো রাজনৈতিক এজেন্ডা নেই। ক্ষমতাসীন সরকারের সঙ্গে কাজ করাই সংগঠনের নীতি বলে জানান তিনি।

শ্রমিক অসন্তোষের প্রসঙ্গে বিজিএমইএ সভাপতি বলেন, নিম্নতম মজুরি বোর্ড গঠন করা হয় ১ নভেম্বর। তবে এর আগেই অক্টোবরের শেষ সপ্তাহ থেকে শিল্পাঞ্চলে অস্থিরতা শুরু হয়। মজুরি বোর্ড গঠনের আগে শ্রমিকদের উত্থাপিত দাবির যৌক্তিকতা থাকতে পারে। কিন্তু বোর্ড গঠনের পর থেকে যে পরিস্থিতি তৈরি হয়েছে, তা গ্রহণযোগ্য নয়।

তিনি জানান, মজুরি বোর্ডের প্রথম দিনেই নতুন মজুরি কার্যকরের সময় জানানো হয়েছিল। এরপরও অস্থিরতা তৈরির পেছনে মালিকদের চাপ দিয়ে অযৌক্তিক মজুরি ঘোষণা করানোর চেষ্টা কিংবা অন্য কোনো উদ্দেশ্য থাকতে পারে।

পোশাকশিল্পের মালিক ও সংশ্লিষ্ট ব্যক্তিরা আইন মেনে চলতে চান উল্লেখ করে মাহমুদ হাসান খান অন্যদেরও আইনের প্রতি শ্রদ্ধাশীল থাকার আহ্বান জানান। কেউ যেন আইন নিজের হাতে তুলে না নেন, সে বিষয়েও সতর্ক করেন তিনি।